

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৮১.১৮- ৩৬৬

তারিখঃ ০২ কার্তিক ১৪২৫  
১৭ অক্টোবর ২০১৮

বিষয়ঃ অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত বিজ্ঞ কৌসুলি জনাব মো: মজিবুর রহমান এর বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ ইউওনোট নং-৩৭.০০.০০০০.০৩১.০৪.১৬০.১৬/৪০, তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার কালুখালী উপজেলাধীন রায়নগর দারুল উলুম ইসলামিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: রফিকুল ইসলাম সহ ৫৭ জন সহকারী মৌলভী কর্তৃক এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষক (ধর্ম) গণের অনুরূপ বেতন ভাতাদি (এমপিও) দাবী করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৩৮১/২০১৫ দায়ের করা হয়।

২। উক্ত রিট মামলাটি সরকার পক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণের লক্ষে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের ১৪/০১/২০১৬ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৩১.০৪.২৮৩.১৫-২৫ সংখ্যক স্মারকমূলের মাধ্যমে বিজ্ঞ কৌসুলি জনাব মো: মজিবুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)।

৩। তদপ্রেক্ষিতে বর্ণিত মামলায় (cause list) ৯৭ দিন বিভিন্ন তারিখে বিজ্ঞ আইনজীবী কর্তৃক শুধু হাজিরা দেয়া হয়েছে, অন্য কোনরূপ পদক্ষেপ নেয়া হয়নি। অর্থাৎ বিজ্ঞ আইনজীবীর পক্ষ হতে কোন উদ্যোগই নেয়া হয়নি। তাই দাবীকৃত বিল পরিশোধের যৌক্তিকতা কতটুকু তা বিবেচনার দাবী রাখে। উল্লেখ্য, উক্ত রিট মামলায় সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয়েছে (কপি সংযুক্ত)।


৪। যেহেতু বিল সংশ্লিষ্ট মামলা অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয়ের সময়ে এবং বিজ্ঞ আইনজীবীর (Performance) সম্পর্কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ভাল জানে এবং এ বিষয়ে উক্ত বিভাগ এর নিজস্ব তহবিলে বরাদ্দ রয়েছে সেহেতু বিলগুলো তাঁর বিভাগ থেকে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) আইনগত ব্যবস্থা গ্রহণের দায়িত্ব প্রদানের কপি-০১ (এক) পাতা।

(২) বিজ্ঞ কৌসুলি কর্তৃক দাখিলকৃত বিল - ০১ (এক) পাতা।

(৩) cause list - ১৫ (পনের) পাতা।

(৪) রায়ের কপি- ০৬ (ছয়) পাতা।

  
(মো: জাহাঙ্গীর হোসেন বেপারী)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৯৫৭৫২৭২

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।